

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৪২

الكتاب الحج عن رسول الله الله الله الله الكتاب الحج عن رسول الله الله الله الكتاب الحج عن رسول الله

পরিচ্ছেদঃ ইহরাম পালনকারীর বিবাহ করা মাকরুহ।

باب مَا جَاءَ فِي كَرَاهِيَةِ تَزْوِيجِ الْمُحْرِمِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ ابْنُ عُلَيَّةً، حَدَّثَنَا أَيُّوبُ، عَنْ نَافِعٍ، عَنْ نُبَيْهِ بْنِ وَهُبْ قَالَ أَرَادَ ابْنُ مَعْمَرٍ أَنْ يُنْكِحَ، ابْنَهُ فَبَعَثَنِي إِلَى أَبَانَ بْنِ عُتْمَانَ وَهُوَ أَمِيرُ الْمَوْسِمِ وَهُبْ فَأَتَيْتُهُ فَقُلْتُ إِنَّ أَخَاكَ يُرِيدُ أَنْ يُنْكِحَ ابْنَهُ فَأَحَبَّ أَنْ يُشْهِدِكَ ذَلِكَ . قَالَ لاَ أُرَاهُ إِلاَّ بِمَكَّةً فَأَتَيْتُهُ فَقُلْتُ إِنَّ الْمُحْرِمَ لاَ يَنْكِحُ وَلاَ يُنْكِحُ . أَقْ كَمَا قَالَ ثُمَّ حَدَّثَ عَنْ عُثْمَانَ مِثْلُهُ أَعْرَابِيًّا جَافِيًا إِنَّ الْمُحْرِمَ لاَ يَنْكِحُ وَلاَ يُنْكِحُ . أَقْ كَمَا قَالَ ثُمَّ حَدَيثُ عَنْ عُثْمَانَ مِثْلُهُ يَرْفَعُهُ . وَفِي الْبَابِ عَنْ أَبِي رَافِعٍ وَمَيْمُونَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عُثْمَانَ حَدِيثٌ حَسَنٌ مَشْكُ مُ مَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَصْحَابِ النّبِيِّ صلى الله عليه وسلم مِنْهُمْ عُمَلُ مَن الْخَطَّابِ وَعَلِيُّ بْنُ أَبِي طَالِبٍ وَابْنُ عُمَرَ وَهُو قَوْلُ بَعْضِ فُقَهَاءِ التَّابِعِينَ وَبِهِ يَقُولُ مَلْ الْخَطَّابِ وَعَلِيُّ بْنُ أَبِي طَالِبٍ وَابْنُ عُمَرَ وَهُو قَوْلُ بَعْضِ فُقَهَاءِ التَّابِعِينَ وَبِهِ يَقُولُ مَلْ الْخَطَّابِ وَعَلِيُّ بْنُ أَبِي طَالِبٍ وَابْنُ عُمَرَ وَهُو قَوْلُ بَعْضِ فُقَهَاءِ التَّابِعِينَ وَبِهِ يَقُولُ مَلْ أَلْكُ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ لاَ يَرَوْنَ أَنْ يَتَزَوَّجَ الْمُحْرِمُ قَالُوا فَإِنْ نَكَحَ فَنِكَاحُهُ مَا لِكُ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ لاَ يَرَوْنَ أَنْ يَتَزَوَّجَ الْمُحْرِمُ قَالُوا فَإِنْ نَكَحَ فَنِكَاحُهُ بَاطِلٌ .

বাংলা

৮৪২. আহমাদ ইবনু মানী (রহঃ) নুবায়হ ইবনু ওয়াহব (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, ইবনু মা'মার তাঁর পুত্রকে বিবাহ করাতে ইচ্ছা করলেন। তাই তিনি আমীরুল হজ্জ আবান ইবনু উসমানের নিকট আমাকে পাঠালেন। আমি তাঁর কাছে এসে বললাম, আপনার ভ্রাতা তার পুত্রকে বিবাহ করাতে ইচ্ছা করেছেন এবং এই বিষয়ে তিনি আপনাকে সাক্ষী রাখতে চাচ্ছেন। তিনি বললেন, একে তো আমি মুর্খ বেদুঈনের মত দেখতে পাচ্ছি। ইহরাম পালনকারী তো বিবাহ করতেও পারেনা করাতেও পারেনা অথবা অনুরূপ বলেছেন। নুবায়হ বলেন, এরপর তিনি উসমান (রাঃ) এর বরাতে হাদীসকে মারফু হিসাবে বর্ণনা করেছেন। - ইবনু মাজাহ ১৯৬৬, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৮৪০ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবূ রাফি ও মায়মুনা (রাঃ) থেকেও বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, উসমান বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। এই হাদীস অনুসারে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কতক সাহাবী আমলের



অভিমত দিয়েছেন। যেমন উমার ইবনু খাত্তাব, আলী ইবনু আবী তালিব, ইবনু উমার (রাঃ)। কতক তাবিঈ ফিকহবিদ এর বক্তব্যও এই। ইমাম মালিক, শাফেঈ, আহমাদ ও ইসহাক (রহঃ) এর অভিমতও এ-ই। কেউ মুহরিম অবস্থায় বিবাহ করতে পারে বলে তারা মনে করেননা। তাঁরা বলেন, কোন মুহরিম যদি বিবাহ করে তবে তা বাতিল বলে গণ্য হবে।

English

Nubaih bin Wahb narrated:

"Ibn Ma'mar wanted to have his son married. S he sent me to Aban bin Uthman who was the Amir of the (Hajj) season. I went to him and said: 'Your brother wants to marry his son and he would like for you to witness that.' He said: 'I think he is but a crude Bedouin; indeed the Muhrim is not to marry nor have someone married'" - or he said similarly - then he narrated from Uthman similar in Marfu form (from the Prophet).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ নুবায়হ ইবন ওহাব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন